আশা ভোঁসলে

সংকলক: সুশান্ত চট্টোপাধ্যায়

আশা ভোঁসলে সরস্বতী লতা মঙ্গেশকরের সেজ বোন। তাঁদের কোন ইন্ট্রোডাকশন পৃথিবীর কোন জায়গায় লাগে না। তবু বঙ্গদর্শনের গায়ক/গায়িকা বিভাগে আশাদেবীর গানের তালিকার সঙ্গে একটি ছোট্ট জীবনী জুড়ে পরিবেশন করার দায়িত্ব নিয়ে আমরা সংক্ষেপে এই বহুবিচিত্র অনন্য প্রতিভার অধিকারিণী প্রাতঃস্মরণীয় সঙ্গীতজ্ঞকে শত কোটি প্রণাম জানিয়ে লেখা শুরু করছি।

সংক্ষিপ্ত এই জীবনীতে তথ্যাবলী প্রকাশিত অন্যান্য গ্রন্থ থেকে নেওয়া হয়েছে। সেখানে ভুল থাকলে তা এখানেও আছে। তবে মহাপুরুষের জীবনীতে আমরা ত্রুটি বিচ্যুতি নিয়ে বেশী মাথা ঘামাই না। দিদি সুধাকণ্ঠী লতা মঙ্গেশকরের জন্ম হয়েছিল ২৮ সেপ্টেম্বর ১৯২৯ খ্রীষ্টাব্দে, তাঁর মামার বাড়ী ইন্দোরে। জন্মের পর তাঁর নাম রাখা হয় হেমা। আশার পিতা দীননাথ মঙ্গেশকর নাট্য সঙ্গীতের একজন খ্যাতনামা শিল্পী ছিলেন। তাঁর নিজের নাটক বা যাত্রার দল ছিল। দলের নাম বলবন্ত সঙ্গীত নাটক মণ্ডল। বাঙালী যাত্রাদলের তুলনায় মারাঠী নাটকের দল অনেক বেশী সঙ্গীত নির্ভর। প্রায় মিউজিক্যাল প্লে। গানের ঘরানাও শাস্ত্রীয়। খুব বেশী আয় করতে না পারলেও নাটকের দলের আয়ে দীননাথ সচ্ছল ভাবেই সংসার চালাতে পারতেন। তাঁর ও তাঁর পরিবারের জীবন ছিল সঙ্গীতময়। গানের চর্চা, অর্থাৎ গান বাঁধা, সুর করা, রিহার্সাল এই সব নিয়েই দীননাথের জীবন। সহযোগীদের সঙ্গে তাঁর কন্যারাও শিশুদের রোল করতে গিয়ে এই সঙ্গীতযাত্রায় যুক্ত হয়ে গিয়েছিল। তাঁর মায়ের নাম সেবন্তী বা সুধামতী, যদিও সবাই তাঁকে মাই মঙ্গেশকর বলেই জানত। মাষ্টার দীননাথ মঙ্গেশকরের দ্বিতীয় পত্নী হলেন সেবন্তী। তাঁদের বাড়ী ছিল মহারাষ্ট্রের সাঙলী রাজ্যে। দীননাথ ছিলেন গোমন্তক বা গোমন্তক মারাঠা। তাঁদের আদি বাড়ী গোয়ার মঙ্গেশী গ্রামে। দীননাথের পদবী ছিল হার্ডিকর। অনেকের মতই তিনি এক সময় গ্রামের নামে নিজের পদবী মঙ্গেশকর লিখতে শুরু করেন। কিছুটা বড় হওয়ার পর লতার বাবা মা তাঁর নাম পরিবর্তন করে লতা রাখেন। অনেকের মতে দীননাথের ভববন্ধন নাটকের লতিকা নামের চরিত্র এই নামকরণের অনুপ্রেরণা যোগায়। মাষ্টার দীননাথ ও সেবন্তীর আরও চারটি সন্তান জন্মগ্রহণ করে। তাঁরা হলেন, মীনা, আশা, উষা নামের তিন কন্যা ও একমাত্র পুত্র হৃদয়নাথ। এঁরা প্রত্যেকেই সুপরিচিত। আশা বোধ হয় জনপ্রিয়তায় দিদিকেও ছাড়িয়ে গেছেন। মীনার জন্ম ১৯৩১ সালে। আশার জন্ম ১৯৩৩ সালের ৮ই সেপ্টেম্বর। পরের বোন ঊষা দু বছরের ছোট। ঊষার থেকে দু বছরের ছোট একমাত্র ভাই হৃদয়নাথ।

জগত বিখ্যাত মঙ্গেশকর পদবী সম্বন্ধে দু-চার কথা বলার লোভ সামলানো শক্ত। গোমন্তক বা গোয়ান হিন্দু সমাজের একটি প্রভাবশালী গোষ্ঠী গৌড় সারস্বত ব্রাহ্মণ সমাজ। এরা গৌড়দেশের অর্থাৎ বৃহত্তর বঙ্গের লোক। এদেরই একটি দল ত্রিহুত বা ত্রিহোত্রপুর থেকে এই শিবলিঙ্গ যা মণিগিরীশ নামে পরিচিত ছিল তাকে ডাবোলিমের কাছে জুয়ারী নদীর তীরে মন্দির প্রতিষ্ঠা করে স্থাপনা করেন ছয় সাত শতাব্দী আগে। পরে পর্তুগীজরা সকলকে ধরে ধরে খ্রীষ্টান করতে আরম্ভ করল। হিন্দু দেবালয় সব ধ্বংস করল। দেবতাকে রক্ষা করতে ওই ব্রাহ্মণ গোষ্ঠী পণ্ডার কাছে একটি স্থানে ছোট মন্দির প্রতিষ্ঠা করলেন স্থানীয় --- রাজাদের আনকূল্যে। পরে মন্দিরের বিস্তার হয়েছে। মারাঠা রাজত্বে মন্দির অনেক বড় করে পুনর্ণির্মাণ হয়। আরও দুবার মন্দিরের বিস্তার ও শোভাবর্ধনের কাজ করা হয়েছে। বিশাল মন্দিরটি অতীব সুন্দর। নানাবিধ ধর্মীয় ক্রিয়াকর্ম নিত্যসেবায় এবং সমস্ত হিন্দু পর্বের সময় করা হয়ে থাকে। কথিত আছে যে ত্রিহুতের মণিগিরীশ শিব ব্রহ্মা সৃষ্টি করেন ভাগীরথী তীরে মুংগের শহরের কাছে মণিগিরি পাহাড়ে। তাই তার নাম মণিগিরীশ। সারস্বত ব্রাহ্মণরা সেটিকে ত্রিহুতে প্রতিষ্ঠা করেন। সারস্বত ব্রাহ্মণরা গোয়ার পণ্ডার কাছে যেখানে মন্দির স্থাপনা করে বসবাস আরম্ভ করলেন তারও নাম হল দেবতার নামে মণিগিরীশ। মুখে মুখে এই নাম মঙ্গেশ বা মঙ্গেশী হয়ে যায়। গোয়ানিজ স্টাইলে অনেকে বলেন মঙ্গেসিম। এই দেবতার কৃপায় জন্ম লতা আশা উষা হৃদয়নাথের। তাঁদের নামের মধ্য দিয়ে দেবতার মহিমা সারা জগতে প্রচারিত হয়েছে।

লতা মাত্র পাঁচ বৎসর বয়স থেকেই বাবার কাছে সঙ্গীত শিক্ষা আরম্ভ করেন। মারাঠী নাট্য সঙ্গীত প্রায় সম্পূর্ণভাবে শাস্ত্রীয়সঙ্গীত নির্ভর। ফলে অতি অল্প বয়সেই লতার শাস্ত্রীয় সঙ্গীত চর্চা শুরু হয়। মাঝে মাঝে লতা বাবার সঙ্গীত নাট্য বা যাত্রাগুলিতে অভিনয় ও গান করতে থাকেন। লতার বিদ্যালয় শিক্ষা বা ফর্মাল এডুকেশন বিশেষ হয়ে ওঠেনি। মাঝে মাঝেই ছেদ পড়ত। বাবার নাটকদল ছিল ভ্রাম্যমান যাত্রা পার্টি। শোলাপুর সাঙলী অঞ্চলের বিভিন্ন স্থানে দলটি ঘুরে বেড়াত। তা ছাড়া দীননাথ স্থান পরিবর্তনও করেন দু-একবার। কেউ কেউ বলেন বোন আশাকে মানুষ করার সময় সব সময় তাঁকে সঙ্গে নিয়ে থাকতেন। এমনকি স্কুলেও নিয়ে যেতেন। এতে আপত্তি ওঠায় স্কুল ছেড়ে দেন। অন্য মত হল গান গাইতে আপত্তি করা হত বলে লতা স্কুল ছেড়ে দেন। তবে ছেড়ে দেন এ ব্যাপারে কোন সন্দেহ নাই। ক্রমে ক্রমে বাবার সঙ্গীত নাটকে অভিনয় ও গান করার কাজে যুক্ত হয়ে যাচ্ছিলেন। প্রথম উল্লেখযোগ্য মঞ্চ অভিনয় মাত্র নয় বৎসর বয়সে কোলাপুরের নূতন থিয়েটারে। বাবা মার সঙ্গে বিভিন্ন জায়গায় ঘুরে বেড়ানোর সুযোগ হয়েছিল লতার। সেই সময়ের নাট্য সঙ্গীতের প্রায় সব শিল্পীর সঙ্গে পরিচয় ও কিছুটা ভাব আদানপ্রদানের সুযোগও তাঁর ঘটেছিল। বোন আশার বোঝার বুদ্ধি না হলেও শিশুটি দিদির প্রাথমিক তালিমের সর্বসময়ের সাক্ষী।

এই সময়ের একটি বৈজ্ঞানিক উদ্ভাবন মহারাষ্ট্রের সঙ্গীত নাটকের দলগুলির উপর সর্বব্যাপী প্রভাব ফেলেছিল। আশার জন্মের কিছু আগে ভারতে প্রথম টকি বা সাউণ্ডট্র্যাকযুক্ত সিনেমা তৈরী হয়। আগামী পাঁচ বছরে সব চলচ্চিত্রই টকি হয়ে গেল। সাধারণ মানুষের রুচিতে বৈপ্লবিক পরিবর্তন ঘটে গেল রাতারাতি। সঙ্গীত নাটকের দলগুলি প্রায় অচ্ছুত হয়ে গেল। একে একে সব বন্ধ হতে লাগল। কালের প্রভাব এড়াতে পারল না মাষ্টার দীননাথের বলবন্ত সঙ্গীত নাটক মণ্ডল। এটিও বন্ধ হয়ে গেল ১৯৩৪-৩৫ সালে। ভ্রাম্যমান নাটকের দলের যাযাবর জীবন থেকে এই প্রথম স্থির হয়ে বসলেন মঙ্গেশকর পরিবার। বাসা বাঁধলেন দক্ষিণ মহারাষ্ট্রের সাঙলিতে। জীবিকার সন্ধানে দীননাথ টকি সিনেমার নূতন মাধ্যমকে ব্যবসায়িক কাজে লাগাবেন বলে স্থির করলেন। নাটক দলের মত পার্টনার নিয়ে ফিল্ম কোম্পানী তৈরী করলেন মাষ্টার দীননাথ। তাঁর তৈরী তিনটি মারাঠী ছবিই প্রকৃতপক্ষে যাত্রার রীল ভার্সন ছিল। ফলে সব কটি ফ্লপ করে। একটি মাত্র হিন্দী ছবি করেছিলেন দীননাথ তাও ফেল। আশার জন্মের পাঁচ বছরের মধ্যেই দীননাথ ঋণের দায়ে দেউলিয়া হয়ে গেলেন। উত্তমর্ণদের ঠেকানো প্রায় অসম্ভব হয়ে উঠল। দীননাথ মদের নেশায় পড়ে গেলেন। স্বাস্থের দ্রুত অবনতি হতে থাকলো

লতা-আশার জীবনে প্রথম দুর্ভাগ্য নেমে আসে ১৯৪২ খ্রীষ্টাব্দে। প্লুরিসি রোগে মাষ্টার দীননাথের মৃত্যু পরিবারটিকে অকূল পাথারে ফেলে দেয়। দিশাহারা লতা সেই সময় বাবার বিশিষ্ট বন্ধু "নবযুগ চিত্রপট মুভি কোম্পানী" র মালিক মাষ্টার বিনায়ক (বিনায়ক দামোদর কর্ণাটকী) এর সাহায্যে সংসার চালনার দায়িত্ব নিলেন। মাষ্টার বিনায়ক পরিবারটির দায়িত্ব নিয়ে বন্ধুকৃত্য সম্পন্ন করেন। তিনিই লতাকে চলচ্চিত্রে অভিনয় ও গানের সুযোগ করে দেন। ১৯৪২ খ্রীষ্টাব্দেই সদাশিব রাও নর্ভেকরের নির্দেশনায় বসন্ত জোগলেকর পরিচালিত মারাঠী ছবি "কিতি হাসল" (১৯৪২) প্রথম গান করেন। গানটি ছিল "নাচুঁ ইয়া গাডে খেলুঁ সারি মানি হৌস ভারী"। এই গানটি বাদ দিয়েই চলচ্চিত্রটি মুক্তি পায়। তবে লতাকে বেশী অপেক্ষা করতে হয়নি। মাষ্টার বিনায়ক তাঁকে নবযুগ চিত্রপটের "পহিলি মঙ্গল গৌড়" সিনেমায় একটি ছোট্ট ভূমিকায় অভিনয়ের সুযোগ করে দেন। এই ছবিতে লতা দাদা চণ্ডেকরের (মতান্তরে দত্তা দাভ্জেকর) নির্দেশনায় "নাটলি চৈত্রচি নবলাই" গানটি করেন। এই গানে তাঁর সহশিল্পী ছিলেন স্নেহপ্রভা প্রধান। এক বৎসরের মধ্যেই সিনেমায় তাঁর প্রথম হিন্দী গান "মাতা এক সপুত কি দুনিয়া বদল দে" গানটি গাওয়ার সুযোগ পেয়ে যান। সিনেমার নাম "গজাভাউ"। এটি একটি মারাঠী চলচ্চিত্র। ১৯৪৫ খ্রীষ্টাব্দে মাষ্টার বিনায়ক বোম্বাই চলে আসেন দলবল সহ। বোম্বাই তাঁর নূতন কর্মক্ষেত্র হয়ে উঠল। সঙ্গে তিনি বন্ধুর পরিবারকেও নিয়ে এলেন।

লতা বোম্বাই নিবাসী হলেন ১৯৪৫ খ্রীষ্টাব্দে। এখানেই তাঁর বাকী জীবন অতিবাহিত করছেন তিনি। বার বছরের আশাও দিদিকে অনুসরণ করে একই ক্ষেত্রে সুযোগের চেষ্টায় ব্রতী হলেন। প্রথম দিকে তাঁরা গ্রাণ্ট রোডের কাছে নানা চকে দু কামরার ফ্ল্যাট ভাড়া করে থাকতেন। আটজন লোক, দুটি ঘর। কিশোরী লতা ব্রেড আর্ণার। নানা চকের ২৫ টাকা ভাড়ার ২ কামরার ফ্ল্যাট থেকেই উঠে এসেছে হিন্দী গানের এক নম্বর ও দু নম্বর গায়িকা। লতা তখন লোক্যাল ট্রেণে যাতায়াত করতেন। অন্য অনেকেই করতেন। প্রতিষ্ঠিত হওয়ার পর বালকেশ্বরে একটি বাড়ী লিজ নিয়ে বা কিনে সেখানে চলে যান ১৯৫০ বা ১৯৫১ সালে। তারপর ১৯৬০ সাল থেকে পেডার রোডে “প্রভু কুঞ্জ”। পাশাপাশি ফ্ল্যাট দুই বোনের। গত পঞ্চাশ বছর এই তাঁদের ঠিকানা।

বাবার মৃত্যুর মাত্র ছয় বৎসর পর ১৯৪৮ খ্রীষ্টাব্দে মাষ্টার বিনায়কের মৃত্যু লতা-আশার জীবনে দ্বিতীয় বড় আঘাত। কিন্ত প্রতিভাময়ী লতার তখন সঙ্গীত জগতে একটা পরিচিতি এসে গেছে। সঙ্গীত পরিচালক গুলাম হায়দার লতাকে আদর করে ডেকে নিলেন। তিনি তাঁকে গায়িকারূপে প্রতিষ্ঠিত করার দায়িত্ব নিলেন। গুলাম হায়দার লতাকে বিখ্যাত প্রযোজক পরিচালক "শশধর মুখার্জী"র কাছে নিয়ে গেলেন, তাঁর নির্ণীয়মান "শহীদ" ছবিতে সুযোগ করে দেওয়ার জন্য। শশধর লতার গলা খুব তীক্ষ্ণ বা হালকা বলে তাঁকে সুযোগ দিলেন না। বিরক্ত হয়ে গুলাম হায়দার বলেছিলেন, কয়েক বৎসরের মধ্যে পরিচালক ও সঙ্গীত পরিচালকেরা গান গাওয়ার জন্য লতার পায়ে ধরবে। গুলাম হায়দার নিজে লতাকে তাঁর সঙ্গীত পরিচালনায় "মজবুর"(১৯৪৮) ছবিতে "দিল মেরা তোড়া" গানটি গাওয়ান। এইটি লতার প্রথম বড় সুযোগ। লতা পৌঁছে গেলেন পেশাদার প্লেব্যাক গায়িকাদের স্তরে। বোন আশা প্রায় লতার সঙ্গে সঙ্গেই গানের জগতে ঢুকে পড়েছিলেন। আশা অনেকবার বলেছেন, দিদির সমর্থন পেলে তাঁর হয়ত প্রতিষ্ঠিত হতে কম সময় লাগত। তবে এর পিছনে সবচেয়ে বড় কারণটি হল, বাড়ীর অমতে আশার বিবাহ। লতার নিজ-সহায়ক ৩১ বছর বয়সী গণপতরাও ভোঁসলের সঙ্গে ১৬ বছরের আশা পালিয়ে বিয়ে করেন। বছর কয়েক অসুখী বিবাহিত জীবন কাটিয়ে যদিও লতা মায়ের কাছে ফিরে আসেন, তবুও লতার সঙ্গে সম্পর্ক স্বাভাবিক হতে কয়েক দশক লেগেছিল। ১৯৫০ এর দশকে অপ্রতিদ্বন্দ্বী লতা, প্রথম চ্যালেঞ্জের সম্মুখীন হলেন তাঁর সহোদরা আশার কাছ থেকে। গীতা দত্ত, সুরাইয়া, সমসাদ বেগমরাও ছিলেন তবে আশার মত নয়। ১৯৫৭ খ্রীষ্টাব্দে শচীনদেব বর্মণ এর সঙ্গে বিবাদে জড়িয়ে পড়েন লতা, এর পর টানা পাঁচ বছর লতা শচীনদেবের ছবিতে গান করেননি। এই সুযোগে আশা তাঁর প্রতিভার বিকাশ ঘটান। যে যাদু পরের চার পাঁচ দশক শ্রোতাদের মোহিত করে রেখেছিল। যথেষ্ট সম্ভাবনা থাকা সত্বেও লতা বিবাহ বন্ধনে আবদ্ধ হননি। এই ব্যক্তিগত বিষয়ে তিনি কখনও কিছু বলতেন না। যদিও অনেক পরে দু একটি কথা শোনা গেছে। এও শোনা গেছে যে লতা শ্রীকৃষ্ণকে স্বামীরূপে স্বীকার করে নিজেকে মানববন্ধনের বাইরে রেখেছেন। হয়তো আশার চলে যাওয়ার পরে পরিবারকে পালনের দায়িত্ব একা নিতে গিয়ে লতা জীবনের শ্রেষ্ঠ সময় ব্যয় করে ফেলেছিলেন। তবে আশাকে পুনঃপ্রতিষ্ঠিত করার ব্যাপারে লতার ভূমিকাকে ছোট করে দেখলে চলবে না। আশা লতার কম্পিটিশন নিয়ে হাজার কথা বা লেখালেখি হলেও এ ব্যাপারে আশার বক্তব্য একেবারে পরিষ্কার। পঞ্চাশোর্ধ আশা এক ইণ্টারভিউতে বলেছিলেন দিদি আমার থেকে চার বছরের বড়। মায়ের মত। আর কিছু বলার প্রয়োজন নেই। লতার বক্তব্য আশাকে নিয়ে তিনি সারাজীবনই চিন্তায় কাটিয়েছেন। অর্থাৎ আশা একটি জলজ্যান্ত প্রবলেম চাইল্ড। তাকে ডিস-ওন করার কথা কখনও ভাবেননি লতা। বিপথে না যায় তাই তাঁর চিন্তা।

আশার বিবাহ কোন মতেই অস্বাভাবিক কিছু নয়। সেকালে ওই বয়সে অধিকাংশ মেয়েরই বিয়ে হতো। স্বামী স্ত্রীর বয়সের পার্থক্যটা বেশী ঠিকই তবে একেবার আউট অফ রেঞ্জ নয়। বিয়ের কথায় অনেক কথা বলা যাবে। আগে কিশোরী আশার গুণের কথা কিছু বলা যাক। দিদির কোলে পিঠে মানুষ আশাকে আলাদা করে কিছু শেখাতে হয়নি। বলা চলে আশা হলেন লতার বাইপ্রডাক্ট। অন্ততঃ কৈশোর কালের শুরুতে সেটাই ছিল অবস্থা। বয়সে চার বছরের ছোট হলেও আশা দিদির

প্রথম সিনেমায় গান করার এক বছর পরেই মারাঠী ছবি "মাঝা বাই" তে "চলা চলা নব বালা" গানটি রেকর্ড করেন ১৯৪৩ সালে। তাঁর বয়স তখন দশ বছর। ছোট্ট আশা কৌতুহলী চোখে দিদির সব কিছু ভাল করে দেখতেন। তাঁর ভগবানদত্ত প্রতিভার গুণে প্রায় সঙ্গে সঙ্গে শিখে নিতেন। দুই বোনের মধ্যে একটা পার্থক্য ছিল। আশার কণ্ঠ কিছুটা চটুল। আর আশা গলাকে কণ্ট্রোল না করেই গাইতেন। তুলনায় লতা গলাকে পরিস্থিতি অনুযায়ী চেপে বা খুলে গাইতেন এবং উচ্চারণভঙ্গীতে প্রয়োজনমতো আবেগ জুড়ে দিতেন। আশা শিক্ষক বা সঙ্গীত পরিচালক যেভাবে বলতেন, সেভাবেই গান করতেন। এক এক সময় তা শ্রুতিমধুর না হলেও গ্রাহ্য করতেন না। লতার মত তাঁর কোন নিজস্ব স্টাইল গড়ে ওঠেনি। তিনি কম্পোজারের হাতে যন্ত্রের মত কাজ করেছেন।

অনেকেই মনে করেন লতা ১৯৪৭ সালে খুব অল্প বয়সে মেনস্ট্রীম হিন্দি সিনেমার প্লেব্যাক সিঙ্গার হয়ে যান। ঘটনা হলো আশা ১৯৪৮ সালে মাত্র ১৫ বছর বয়সেই প্লেব্যাক সিঙ্গার হয়ে যান সঙ্গীত পরিচালক হংসরাজ বেহল এর "চুনরিয়া" ছবিতে "সাবন আয়া" গানটি গেয়ে। এর আগে তাঁরা মারাঠী ছবিতে গান করেছেন, অভিনয়ও করেছেন। বলতে গেলে জন্ম থেকেই গান করছেন দুই বোন। লতাকে সব সময় ক্লোজলি ফলো করেছেন আশা। দশ বার বছর পরে ১৯৬০ সালে পৌঁছে দুজনের গাওয়া হিন্দি ছবির গানের সংখ্যা প্রায় সমান। আসলে আশা শ'দুয়েক গান বেশী রেকর্ড করে ফেলেছেন তার মধ্যে। লতা এক নম্বর চয়েস হলেও আশার যথেষ্ট ডিম্যাণ্ড ছিল। সবার ধারণা আশা বি গ্রেড সি গ্রেড ফিল্মে গান করে সংখ্যাবৃদ্ধি করেছেন। এই যুক্তি প্রথম পাঁচ বছরের পরে আর খাটে না। ১৯৫৩ সাল থেকেই আশা কয়েকজন সঙ্গীত পরিচালকের সুনজরে আসেন। আর ১৯৫৫ তেই তিনি ওঙ্কারপ্রসাদ বা ও পি নায়ারের মেন সিঙ্গার হয়ে যান। এর ঠিক পরে রবি শর্মা তাঁকে একমাত্র ফিমেল সিঙ্গার হিসাবে ব্যবহার করেন সারা জীবন। লতাকে খুব কাছাকাছি তাড়া করে গেছেন আশা। বাঙলায় লতা এলেন ১৯৫৬ সালে। আশা ঠিক পরের বছরে। দুজনেই ভারতের সব কটি প্রধান ভাষায় গান গেয়েছেন। ১৯৮৬ সালেই আশা গানের সংখ্যায় লতাকে ছাড়িয়ে যান। ২০১১ সালে গিনেস বুক তাদের আগেকার ভুল সংশোধন করে আশা ভোঁসলেকে সর্বাধিক গান রেকর্ড করার রেকর্ডের অধিকারিণী বলে ঘোষণা করে। এত কর্মকাণ্ড, দীর্ঘ গায়িকা জীবন বহু নাটকীয় ঘটনা, সব জানা যায় না। যা সাধারণভাবে প্রচারিত হয়েছে তা বলতে গেলেও মহাভারত হয়ে যাবে। আমরা প্রধান প্রধান ঘটনাগুলিকে ছুঁয়ে যাবার চেষ্টা করি। প্রথমে তাঁ ব্যক্তিজীবনের কথা মোটামুটি সেরে নেওয়া যাক। আশার জীবনের প্রথমদিকের সবকিছুই লতা সেন্ট্রিক। দিদির আয়ে চলা সংসারে কষ্টে বড় হওয়া আশার নিজেরও প্রতিষ্ঠিত হবার প্রচণ্ড চেষ্টা ছিল। তবে স্বাভাবিক কারণে তার পথ কিছুটা ভিন্ন।

বাড়ীর অমতে বিয়ে করার জন্য আশা দিদির বিরাগভাজন হয়েছিলেন সত্য। তবে সেটা খুব একটা দোষের কিছু ছিল না। পাত্র গণপত রাও ভোসলের সামাজিক প্রতিষ্ঠা মঙ্গেশকর পরিবারের থেকে অনেক উপরে ছিল। তিনি শিক্ষিত মানুষ। সরকারী চাকরী করতেন র‍্যাশন ইন্সপেক্টর পদে। বয়সে অনেকটাই বড়। তবে এমন অনেক হয়। দিলীপকুমার সায়রা বানুর পার্থক্য এতটাই। তিনি লতাদের সঙ্গে পরিচিত হন তাঁরা বোম্বাই আসার ঠিক পরেই। লতার ব্যবসায়িক কাজকর্ম দেখাশুনা করতেন। অর্থাৎ গানের সুযোগ খুঁজে দেওয়া পেমেণ্ট নিয়ে আসা আর আনুসঙ্গিক সব কাজ। কিছুটা হৃষ্টপুষ্ট নধরকান্তি নবযুবতী আশা ভলাপচুয়াস ইয়ং থিং বলে বর্ণিত হয়েছেন। আর সদাচঞ্চল আশার একটা বন্য আকর্ষণ ছিল একথা সকলেই জানেন। এমন অবস্থায় যে কোন মানুষেরই তার প্রেমে পড়ে যাওয়ার সম্ভাবনা অত্যন্ত বেশী। গণপতরাও স্বাভাবিকভাবেই ডুবলেন। মেয়েরা ক্যালকুলেটিভ হয়। আশাকে আবেগ তাড়া করেছিল কিনা তা বোঝার মত ম্যাচিওরিটিও তার ছিল না। তবে তিনি কোন কমা সমা লোককে বিয়ে করছেন না এটা তিনি বুঝতেন। আর তাঁর শ্বশুরবাড়ীতে খাওয়া পড়ার অভাব নেই তাও তাঁর জানা

ছিল। গণপতরাও রাজবংশের মানুষ। নাগপুরের ভোসলে হলো মারাঠা কনফেডারেসির পাঁচটি অঙ্গের একটি। গণপতরাও যে বাড়ীতে থাকতেন সেটির আয়তন প্রায় দশ হাজার বর্গফুট। এর বর্তমান মূল্য প্রায় পঞ্চাশ কোটি টাকা। দোতলা বাড়ীটি এক সময় চিত্রতারকা সাধনাকে ভাড়াও দিয়েছিলেন। সান্তাক্রুজ ওয়েষ্টে খার সান্তক্রুজ রোডের সঙ্গীতা নামের এই বাংলোটি এখন আর গণপতের পরিবারের হাতে নেই। গণপতের দ্বিতীয় পক্ষের স্ত্রী আশাবাই এর মালিক হয়েছিলেন। পরে আশা এটির এক অংশ হাতে পান। তিনি তাঁর অংশ বিক্রিও করে দিয়েছেন বছর দশেক আগে। যাই হোক বাপের বাড়ীতে তাঁর বিয়ে স্বীকার্য না হলেও আশা শ্বশুরবাড়ীতে মহা সমাদরে গৃহীত হয়েছিলেন। তাঁর শাশুড়ী তাঁকে খুবই যত্নে রাখতেন। বাড়ীর কাজকর্ম কিছুই করতে দিতেন না। আশার কেরিয়ার সম্বন্ধে তাঁদের উচ্চ ধারণা ছিল। বলতে গেলে আশার সাফল্যের প্রথম ক্রেডিট গণপতেরই। তিনিই তাঁর অভিজ্ঞতা এবং পরিচিতিসূত্রে বিভিন্ন জায়গায় যোগাযোগ করে আশাকে কাজ পাইয়ে দিতেন। তারপর চুক্তি, পেমেণ্ট এসব ঝামেলা তো সামলাতেন অবশ্যই। অতএব আশা গণপতরাও জুটিকে যে প্রায় ব্রাত্য বলা হয়; তাঁদের বিবাহকে স্ক্যাণ্ডালাস বলা হয় এসব গসিপ জাতীয় নিম্নমানের আলোচনা। স্বাভাবিক দাম্পত্যজীবন নির্বাহ করেছেন তাঁরা। ত্রিকোণ প্রেমের জেরে তা বিয়ের বার চোদ্দ বছর পর ভেঙে যায়।

বিয়ের পর আশা সিনেমায় গান গাওয়ার যে সব সুযোগ পেয়েছেন তা আরও বেশী হতে পারত। গণপতরাও লতার সেক্রেটারী হওয়ার সূত্রে সকলের কাছে পরিচিত ছিলেন। লতা যে কাজটি করতে চাইতেন না, সেটি যাতে আশা পায় তার ব্যবস্থা গণপত নিশ্চিতভাবে করতে পারতেন। তবে ৬-৭ বছরের মধ্যে তিন তিনটি সন্তানের মা হওয়ার কারণে আশার কেরিয়ার ১৯৫০ সালে থমকে দাঁড়িয়ে যায়। আর তার থেকে বেরিয়ে আসেন ১৯৫৫-৫৬ সালে। বড় ছেলের জন্ম ১৯৫০ সালে। নাম রাখলেন হেমন্ত। হেমন্ত মুখোপাধ্যায়ের নামে। দুবছর পরে জন্ম মেয়ে বর্ষার। তার দু বছর পরে জন্ম ছোট ছেলে আনন্দর। এদের বয়স, জন্ম নিয়ে যে সব তথ্য লেখা হয়েছে তার কোনটিই আশার দেওয়া নয়। আশার জীবনীকার রাজু ভারতন এখন আশির ওপর বয়স। তাঁর স্মৃতির ভরসা করে কিছু লেখা ঠিক হবে না। তাছাড়া রাজু ভারতন বা বিশ্বাস নেরুরকর এরা কেউই আশার ব্যাপারে সহানুভুতি সম্পন্ন ছিলেন না। আশা যে সব ইণ্টারভিউ দিয়েছেন, সেখানে তিনি যা বলতে চেয়েছেন, সে সম্বন্ধেই প্রশ্ন করা হয়েছে। ব্যক্তিগত জীবনের কথা প্রায় বাদ দেওয়া হয়েছে। ১৯৫৫ সালের পর থেকেই আশা গড়গড় করে এগিয়ে গেছেন। সে সব কথায় আসি। বিয়ের পর প্রথম পাঁচ বছরে দু তিনশো সিনেমার গান রেকর্ড করেছেন আশা। যেটা প্রায় কিশোরী গায়িকার পক্ষে কম সাফল্য নয়। তাঁকে প্রথম বিগ লীগে নিয়ে এলেন বিখ্যাত সুরকার ওঙ্কার প্রসাদ নায়ার বা ও পি নায়ার। সি আই ডি সিনেমায় মাত্র একটি গানের সুযোগ পেয়েছিলেন আশা। তাতেই সকলের দৃষ্টি আকর্ষণ করলেন আশা। আর এর পর থেকে কার্যত ও পি নায়ারের এক্সক্লুসিভ গায়িকা হয়ে গেলেনা আশা। নয়া দৌড় ছবিতে আশার গান হিট করল। এর পর থেকে ১৯৭২ সালে ও পি'র সঙ্গে ছাড়াছাড়ি হওয়া পর্যন্ত প্রায় পঞ্চাশটি ছবিতে আশাকে দিয়ে গান করান ও পি। এর মধ্যে গোটা কুড়ি ছবি সুপারহিট। গানও লোকের মুখে মুখে ফিরত তখন। কয়েকটি ছবির নাম করছি। হাওড়া ব্রিজ, এক মুসাফির এক হাসিনা, তুমসা নেহি দেখা, কাশ্মীর কি কলি, মেরে সনম, ফির ওহি দিল লায়া হুঁ। এর মধ্যেই ১৯৫৮ সাল থেকে রবিশঙ্কর শর্মা "রবি" নামে সঙ্গীত পরিচালনার কাজ শুরু করলেন। তাঁর কর্মজীবনে তিনি সব গানই আশাকে দিয়ে গাইয়েছেন। "তেরা মন দর্পণ কহলায়ে" বা ওয়ক্ত সিনেমার "আগে ভি জানে না তু" হিট বললে কিছুই বলা হয় না। এ গুলি পাথ-ব্রেকিং অসামান্য সৃষ্টি। ১৯৬০ সাল শেষ হওয়ার আগে আশাকে দিয়ে প্রায় সব বড় সঙ্গীত পরিচালকই গান গাওয়ালেন। তিনি হয়ে গেলেন ডি-ফ্যাক্টো দু নম্বর। তবে গুণতিতে তিনি দিদিকে ওই বছরেই ছাড়িয়ে গেলেন। ১৯৬০ সাল পর্যন্ত আশার

হিট গানের তালিকা তাঁর মোট বাংলা গানের তালিকার সঙ্গে তুলনীয় হয়ে যাবে। স্থানাভাবে তা এখানে দেওয়া সম্ভব নয়। পরে আমরা পঞ্চাশ, ষাট ও সত্তরের দশকে আশার গানের একটি পরিসংখ্যান উপস্থাপিত করব।

ও পি নায়ার ভদ্রলোক প্রথম থেকেই ফুলবাবু। লতা তাঁকে একেবারেই পছন্দ করতেন না। তিনি জীবনে কোনদিন লতাকে দিয়ে কোন গান গাওয়ানোর চেষ্টা করেননি। ও পি নায়ার সুটেড বুটেড পারফিউমড রীতিমত লেডি কিলার। প্রথম দর্শনেই আশার ওপর নজর পড়েছিল তাঁর। ভরা সংসার ওঙ্কার প্রসাদের। স্ত্রী সরোজ মোহিনী শিক্ষিত মহিলা। যথেষ্ট সহানুভুতিশীলও বটে। কিন্ত চোরা না মানে ধর্মের কাহিনী। ফপিশ ও পি আশার দিকে পতঙ্গের মত আকর্ষিত হয়ে চললেন। নিজে স্থির করে নিলেন আশাকে দাঁড় করানো তাঁর জীবনের প্রথম কর্তব্য। তাঁর সেই প্রতিশ্রুতি উন্নতির পথের যাত্রী আশারও মনে ধরেছিল। আশা ভাবতে লাগলেন, হয়ত এই ও পি সাহেবই তাঁকে বিগ লীগে নিয়ে যাওয়ার উপযুক্ত লোক। আবার সাদামাটা আধবুড়ো গণপতরাও এর তুলনার ও পি ব্যক্তিত্বও যথেষ্ট আকর্ষক। আশাও জড়িয়ে পড়লেন এই বিবাহ বহির্ভূত সম্পর্কে। নিন্দুকদের মতে ১৯৫৮ সালে "ফাগুন" ছবি হওয়ার সময় থেকে আশা ও পি'র সঙ্গে ফষ্টি-নষ্টিতে জড়িত ছিলেন। চার পাঁচ বছরের মধ্যেই ও পি ব্যাপারটিকে প্রকাশ্যে ফলাও করতেন। আশা ও পি'র ছবি দেওয়া লকেট শাড়ির ওপরে পরে সবাইকে দেখাতেন। বেচারা গণপত সকলের সাহয্য চাইতেন। নৌশাদ তাকে আশাকে আটকে রাখার পরামর্শ দেন। টেলিফোন কেটে দিতে বলেন। গণপত তাই করলেন। হিতে বিপরীত হল। আশা দিদির পরামর্শে ১৯৬০ সালে পেডার রোডে "প্রভুকুঞ্জ" বিল্ডিংএ দুই বোনে পাশাপাশি ফ্লাট কিনেছিলেন। ফিরে আসার জায়গা তৈরী ছিল আশার। ১৯৬৩ সালে তিন ছেলেমেয়েকে নিয়ে আশা শ্বশুরবাড়ী ছেড়ে নিজের বাড়ীতে মায়ের কাছে ফিরে এলেন। অভিযোগ গণপতরাও ও পরিবার অত্যাচার করছিল। সবটা মিথ্যা না ও হতে পারে। ওদিকে আশাকে পাওয়ার আশায় ও পি তাঁর নিজের মেরিন ড্রাইভের ফ্ল্যাট থেকে মাত্র এক কিলোমিটার দূরে হাই রাইজ "মিরামার" বিল্ডিংএ টপ ফ্লোরে ফ্ল্যাট নিলেন। জানলা দিয়ে আশার সঙ্গে সমুদ্র দেখবেন বলে। এই প্রেমপর্ব দশ বছর চলেছিল। আশা দিনের অনেকটা সময় ও পির সঙ্গে কাটাতেন। যেটাকে ও পি পরে বলেছেন আমরা দশ বছর স্বামী স্ত্রীর মত থেকেছি। অথচ আশা ব্রেক-আপ হবার পরে আমার নামও করে না। কোন অনুষ্ঠানে আমার গানও গায় না। দিদির পাশে থেকেও আশা দিদির ও বাড়ীর অন্য ভাই বোনদের ওপর চরম অন্যায় করেছেন। ও পি'র ছবি দেওয়া লকেট দেখানো, বা ও পি ড্রপ করতে এলে ড্রাইভারকে দিয়ে জোরে হর্ণ বাজিয়ে উত্যক্ত করা এসব লতাকে খুবই আঘাত করেছিল। আর গসিপে গোটা বম্বেতে কান পাতা ভার। মর্যাদাপূর্ণ ব্যবহারের জন্য বিখ্যাত লতার মনে এই সব অত্যন্ত বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছিল। তিনি তাঁর মর্যাদা বজায় রেখে প্রকাশ করেননি। আশার জীবনের এই পর্বটি কিছুটা অসম্মানকর হলেও সিনেমার জগতে এসব জলভাত। কেউ কিছু মনে করত কিনা কে জানে। আশার গানের জগতে উন্নতিতে এর বিশেষ কোন ছাপ পড়ে নি। তবে ছেলেমেয়েরা অস্বস্তিতে ছিল। ষাটের দশকে আশা ক্যাবারে ও নাচের গানে অপরিহার্য হয়ে থাকলেন। ও পি ও রবি শর্মার ছবিতে একেশ্বরী। আর তিন প্রধান শঙ্কর-জয়কিষণ, কল্যাণজী-আনন্দজী ও লক্ষ্মীকান্ত-প্যারেলাল তাঁদের করা গানের এক তৃতীয়াংশ আশাকে দিয়ে গাওয়ালেন। বাকীরাও ছবিতে অন্তত একটি গান আশার জন্য রাখার চেষ্টা করতেন। আর কম বাজেটের ছবিতে তাঁর গাওয়া গানও অনেক। লতার তুলনায় আশার গানের সংখ্যা বিশেষ কম নয়।

"মেরে সনম" ছবি হয় ১৯৬৫ তে। ও পি নায়ারের কেরিয়ার গ্রাফ এই সময় থেকেই স্লো ডাউনের শিকার হয়। তিন চার বছর পরে হিট ছবি খুব কম হতে লাগল। ১৯৬৮ - ৬৯ সালে ও পি নায়ার আর প্রধান সঙ্গীত পরিচালক বলে পরিগণিত হতেন না। এরই মধ্যে বিগ লীগে ঢুকছিলেন রাহুল দেববর্মণ। প্রথম দিকে বাবার সহকারী হিসাবে। পরে ফুল ফ্লেজেড কম্পোজার রূপে। "তিসরী মঞ্জিল" সিনেমায় আশাকে নতুনভাবে প্রয়োগ করলেন আর ডি বর্মণ। আনন্দে আপ্লুত আশা

রাহুলের এই নতুন ধারাটিতে নিজের লাইফলাইন দেখতে পেলেন। জমে উঠল আর এক কাহিনী। দেখতে দেখতে ম্রিয়মান ওঙ্কার প্রদীপ তার আকর্ষণ হারাতে থাকল। ও পি আরও পজেসিভ হয়ে আশাকে ধরে রাখার চেষ্টা করছিলেন। ছেলেমেয়েরা প্রাপ্তবয়স্ক হওয়াতে আশার লোকলজ্জা আরও বেশী হয়ে যাচ্ছিল। মেয়ের বর্ষাকে একদিন ও পি কিছু বলা বা সামান্য মারধর করার ঘটনাকে ইস্যু বানিয়ে চিরতরে "মিরামার" থেকে বেরিয়ে এলেন আশা। ১৯৭২ সালে ও পি পর্ব শেষ হল তিক্ততার চূড়ান্ত করে।

এর অনেক আগে "তিসরী মঞ্জিল" সিনেমা তৈরী হওয়ার সময় থেকেই রাহুলের গুণে মুগ্ধ হয়ে যান আশা। তার পর এক দশকেরও বেশী সময় ধরে আশার কণ্ঠকে সমস্ত ধরণের গানে সাফল্যের সঙ্গে ব্যবহার করেছেন পঞ্চম। আশা ভেবে অবাক হয়ে যেতেন যে কিভাবে রাহুল এটা বুঝতে পারতেন যে আশার কণ্ঠে সেই সুরটি গানটিকে চরম উৎকর্ষের জায়গায় নিয়ে যাবে। বলতে গেলে পঞ্চমের কাছে সারেণ্ডার করে আশা নিজের গানের গুণমান নিয়ে ভাবা বন্ধ করে দিয়েছিলেন। তাঁদের কেমিস্ট্রী সকলের চোখে পড়লেও। বয়স্কা আশার বৈবাহিক সম্ভাবনা নিয়ে লোকে চিন্তা করত বলে মনে হয় না। যাই হোল ও পি পর্ব চুকে যাওয়ার সাত বছর পরে ১৯৮০ তে রাহুল দেববর্মণকে বিয়ে করেন আশা। তাঁর বয়স তখন ৪৭। রাহুল তাঁর থেকে ছ বছরের ছোট। রাহুলের এটি দ্বিতীয় বিবাহ। চোদ্দ বছরের এই বিবাহিত জীবনেও কিছুদিন তাঁরা আলাদা থেকেছেন। সবটা ভালভাবে কাটেনি। তবে এই যুগে দুজনে মিলে তাঁরা অনেক গান রেকর্ড করেছেন। তার কতকগুলি যথেষ্ট একঘেয়ে। ১৯৯৪ সালে রাহুলের মৃত্যুর পর আশা শাশুড়ীকে যথেষ্ট যত্ন করেননি এই রকম অভিযোগ উঠেছিল। আশা সকলের চাপে শাশুড়ীকে বৃদ্ধাশ্রম থেকে আবার বাড়ীতে ফিরিয়ে আনেন। এতক্ষণ আশা ভোঁসলের জীবনের ঘটনাবলী সংক্ষেপে বলার পরে তাঁর গান নিয়ে দুচার কথা বলা যাক। তাঁর গানের আলাদা করে বিচার করার কোন সুযোগ নেই। সুরকার যা সৃষ্টি করেছেন, তাকে আরও মহিমামণ্ডিত করে পরিবেশন করে গেছেন আশা। তাঁর গাওয়া কোন গান হেলাফেলা করার মত নয়। তাঁর সুপারহিট গানগুলি প্রকাশিত হওয়ার পঞ্চাশ বছর পরেও সমান জনপ্রিয়। কারণ সুরের জগতে মায়াজাল সৃষ্টি করতে যে উপকরণ লাগে সবগুলিই আশার গানে উপস্থিত। তাঁর হিট গানের উল্লেখ করতে গেলেও কয়েক পাতা লাগবে। হিন্দি সিনেমার গানগুলি নিয়ে আমরা শুধু স্ট্যাটিস্টিক্স দিয়েই সন্তুষ্ট থাকি। কারণ বিশদে যেতে গেলে অনেক লিখতে হবে। আর তাতে বাঙলা গানের অংশ গৌণ হয়ে যাবে। কোন ভাবেই আশার বাঙলা গানের ঝাঁপি হিন্দী গানের গুণতি বা গুণমানের সঙ্গে তুলনীয় নয়। আশা ভারতের সব প্রধান ভাষায় গান গেয়েছেন। হিন্দীর পর মারাঠী তারপর বাঙলা গান সংখ্যায় বেশী। হিন্দী গানের সংখ্যা মোটামুটি জানা যায়। বাকী ভাষাগুলিতে এ নিয়ে তত লেখালিখি হয়নি। দক্ষিণের চারটি ভাষায় লতার গানের সংখ্যার চেয়ে আশার গানের সংখ্যা বেশী। বলা যেতে পারে আশা যত গান গেয়েছেন তার ৭৫ শতাংশ হিন্দী ভাষায়। বাঙলা মারাঠী মিলে দশ শতাংশ। বাকী সব মিলে পনের শতাংশ হতে পারে। ১৯৬০ সাল পর্যন্ত ২২০০'র বেশী গান গেয়েছেন হিন্দী সিনেমায়। পরের দশকে দু হাজারের কিছু কম। পরের দশকেও দু হাজার ছাড়ায়নি। ১৯৮৬ তে গিনেসের জন্য সার্ভে করতে গিয়ে দেখা গেল সাড়ে ছ হাজার গান করেছেন হিন্দী ছায়াছবিতে। লতাকে ভুল করে সর্বাধিক গানের রেকর্ডধারী বলে ঘোষণা করেছিল গিনেস বুক ১৯৭৪ সালে। তিরিশ বছর পরে তারা আশাকে অনুষ্ঠান করে এই রেকর্ডের অধিকারিণী ঘোষণা করে। তবে গুণতি ১১০০০ গান সব ভাষা মিলে।

আসা যাক আশার ছেলেমেয়েদের কথায়। কেরিয়ার ওম্যান হওয়া সত্বেও আশার ছেলেমেয়েরা যত্নে মানুষ হয়েছেন। বড় ছেলে হেমন্ত পাইলটের কাজ করত। বয়স হলে তা ছেড়ে মিউজিক ডাইরেক্টর হয়েছিলেন। ২০১৫ সালে ক্যানসার হেমন্তর মৃত্যু হয়। তাঁর ছেলে চৈতন্যও গানের জগতে আছে। হেমন্তর বিবাহিত জীবনে সমস্যা ছিল। দ্বিতীয় স্ত্রী সাজিদা তাঁকে ডিভোর্স

করে ক্ষতিপূরণ আদায় করেছেন। আশার পরের সন্তান মেয়ে বর্ষা। লেখাপড়ায় বেশ ভাল। সাংবাদিকের কাজ করেছে দুই দশক ধরে। কিন্তু তারও বিবাহ বিচ্ছেদ হয়ে যায় অল্প বয়সে। ডিপ্রেশনের শিকার হয়ে যান বয়সকালে। ২০১২ সালে আত্মহত্যা করেন বর্ষা। ছোট ছেলে আনন্দ সিনেমা ও গানের জগতে আসার আগে ম্যানেজমেণ্ট ও ফিল্ম ডাইরেকশনের কোর্স করেছেন। মায়ের সব কাজকর্ম পরবর্তী কালে আনন্দই দেখাশুনা করত। আনন্দর মেয়ে জনাই সিনেমায় প্লেব্যাক গান করছে। আশার নাতি নাতনীর সংখ্যা পাঁচ।

আশা ভোঁসলের ব্যক্তিগত জীবন নিয়ে কিছুটা বলা হল। এর বেশী বলতে গেলে তাঁর অনুমতি ও ইণ্টারভিউ ছাড়া বলা সম্ভব নয়। আমাদের কাজ গানের তালিকা প্রকাশ করা। তার সঙ্গে শিল্পীর সংক্ষিপ্ত জীবনী। সেটুকু হয়ে গেছে। রাহুল দেববর্মণ চলে যাওয়ার পরে দু যুগ অতীত হয়েছে। আশা পঞ্চম পরবর্তী যুগেও সমান কর্মক্ষম। তাঁর গান, সুরের জগতে তাঁর আনাগোনা সব কমে গেলেও বন্ধ হয়ে যায়নি। ঈশ্বরের করুণায় তিনি সুস্বাস্থ্যের অধিকারিণী। বলতে গেলে ঊনিশ শো আশির দশকের শেষ দিক থেকে বাংলা সিনেমায় তাঁর গান গাওয়ার সুযোগ আরও বেশী হয়েছে। বয়সের ছাপ পড়লেও তাঁর গানে ক্লান্তি আসেনি। আশা একজন বিখ্যাত রাঁধুনী। তাঁর রেসিপি অনেকে ফলো করেন। তাঁর নামে ও অংশীদারীতে বেশ কয়েকটি রেঁস্তরা চলে আরব অঞ্চলের দেশগুলিতে। বিশাল সম্পত্তির মালিক, আশা এখনো কোন ট্রাষ্ট তৈরী করে জনকল্যাণমূলক কাজে নামেননি। তাঁর দিদি লতার ট্রাষ্ট পুণের দীননাথ মঙ্গেশকর হাসপাতাল তৈরী করেছে ও চালায়। লতা মঙ্গেশকরের নামেও হাসপাতাল তৈরী হয়েছে। আশা কিছু করেছেন কি না আমাদের জানা নেই। তাঁর বা তাঁর ছেলেদের ব্যবসায় প্রতিষ্ঠান সম্বন্ধেও কোন ধারণা আমাদের নেই।

বাঙলা গানের জগতে আশা এসেছেন ১৯৫৭ সালে। তার পর থেকে একটানা গান করে যাচ্ছেন বাঙলায়। সে যুগের “আমায় তুমি যে ভালবেসেছ” বা “নাচ ময়ূরী নাচ রে” আজও সুপার্ব মনে হয়। বাঙলা সিনেমায় ক্যাবারে ট্যাবারে বা সিডাকশনের সীন অনেক পরে এসেছে। ততদিনে আশা তাঁর গলার সেই বিখ্যাত “কাম হিদারনেস” বা মোহক আকর্ষণ অনেকটা হারিয়ে ফেলেছেন। তাছাড়া বাঙলা সিনেমায় আগে ভ্যাম্প ট্যাম্পও বিশেষ ছিল না। তিনি অনেকগুলি মুজরার গান গেয়েছেন। সবই সুন্দর। রোমাণ্টিক গান আর ডুয়েটে তাঁর জনপ্রিয়তা সকলের চেয়ে বেশী। রাহুল দেববর্মণের সুর দেওয়া বহু হিন্দী গানের বাঙলা ভার্সনও তিনি রেকর্ড করেছেন। বাঙলা গানের জগতে সন্ধ্যা মুখোপাধ্যায়ের পর তাঁর গাওয়া গানের সংখ্যাই দ্বিতীয় সর্বাধিক। তাঁর গাওয়া রবীন্দ্রসঙ্গীতগুলি রসোত্তীর্ণ। নজরুলগীতিগুলিও তিনি সচ্ছন্দে গেয়েছেন। পরবর্তী কালে বাঙলা সিনেমায় হিরো হিরোইনরা নাচতে শুরু করায়, আশা এই সময়ে নাচের গানও অনেক রেকর্ড করেছেন। বাপী লাহিড়ী, কুমার শানু, অমিতকুমারদের মতো বয়সে ছোট শিল্পীদের সঙ্গে পাল্লা দিয়ে গান জমিয়ে দিয়েছেন। গান নিয়ে একগাদা কথা বলার অর্থ প্রকৃত শ্রোতাদের অসম্মান করা। যাঁরা শোনেন তাঁরা জানেন। বেশী কথা না বাড়িয়ে আমরা পরবর্তী পৃষ্ঠাগুলিতে তাঁর গানের তালিকা ছেপে দিলাম।

আশা ভোঁসলের গাওয়া গানের তালিকা

গানের প্রথম ছত্র	সুরকার	গীতিকার	ছবির নাম	রেকর্ড নং	বৎসর
অন্ধকারে আলো দিতে পূজোর প্রদীপ	অজয় দাস	গৌরীপ্রসন্ন মজুমদার	অমরকণ্টক		১৯৮৬
অরুণকান্তি কে গো যোগী ভিখারী	নজরুলগীতি				
আই অ্যাম দ্য সিন	নচিকেতা ঘোষ	গৌরীপ্রসন্ন মজুমদার	ফরিয়াদ		১৯৭১
আকাশে আজ রঙের খেলা মনে					
আকাশে সূর্য আছে যতদিন তুমি তো	রাহুলদেব বর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার		পূজা	
আকাশের চাঁদ মাটির বুকেতে	বাপী লাহিড়ী	ভবেশ কুণ্ডু	গুরুদক্ষিণা		১৯৮৭
আকাশের দুটি তারা কখন জেগেছে	বিনোদ চট্টোপাধ্যায়	পবিত্র মিত্র		পূজা	১৯৬১
আগে আমি যদি জানতাম	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী			
আগে জানলে তোরে বিয়া আমি করতাম না সহঃ বীরেশ্বর সরকার	বীরেশ্বর সরকার	বীরেশ্বর সরকার	রাজনর্তকী		১৯৯০
আঙুর আঙুর চোখ নেশা যে লাল লাল	রাহুলদেব বর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার	অপরূপা		১৯৮২
আছে গৌর নিতাই নদীয়াতে	স্বপন চক্রবর্তী	স্বপন চক্রবর্তী	মোহনার দিকে		১৯৮৪
আজ আমি অচেনা যে পরিচয় হবে	স্বপন চক্রবর্তী	স্বপন চক্রবর্তী	সুরের আকাশে		১৯৮৮
আজ গুন গুন গুন কুঞ্জে আমার	রাহুল দেববর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার	রাজকুমারী		১৯৬৭
আজ দোলে মন কার ইশারাতে	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী		পূজা	
আজ দুজনে মন্দ হলে মন্দ কি	নচিকেতা ঘোষ	প্রণব রায়	ফরিয়াদ		১৯৭১
আজ মন আগুনকে ছুঁতে চায় মন কোন	স্বপন জগমোহন	মুকুল দত্ত	জ্যোতি		১৯৯৮
আজ রাতে যেও না বেদনা দিও না	বাপী লাহিড়ী	পুলক বন্দ্যাপাধ্যায়		পূজা	
আজও কাঁদে কাননে কোয়েলিয়া	নজরুলগীতি				
আজকে তোমার পদ্ম বনে ভ্রমর হয়ে সহঃ শাব্বির কুমার	মৃণাল বন্দ্যোপাধ্যায়	বিভূতি মুখোপাধ্যায়	শ্যাম সাহেব		১৯৮৬
আজকে থেকে যাও দেখ রাত গোলাপী	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী			
আজার বাইজান আজার বাইজান	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী			
আধো আলো ছায়াতে	রাহুলদেব বর্মণ	স্বপন চক্রবর্তী	কলঙ্কিনী কঙ্কাবতী		১৯৮১
আবিষ্কার আবিষ্কার এই তো আমার	মৃণাল বন্দ্যোপাধ্যায়	পুলক বন্দ্যোপাধ্যায়	আবিষ্কার		১৯৯০
আমাকে আঘাত করতে তোমার দারুণ ভাল লাগে	তপন ভট্টাচার্য	নিশান শুভ্র ও মোহানা			
আমাকে ভোলাতে তুমি কিছু কথার কথা কয়েছ	তপন ভট্টাচার্য	নিশান শুভ্র ও মোহানা			
আমাদের এই ভালবাসা চিরদিন বুকে ধরে রাখব সহঃ চঞ্চল কুমার	ইন্দ্রজিৎ	পুলক বন্দ্যোপাধ্যায়	দাবীদার		১৯৯৭
আমার ইচ্ছে করছে ভালবাসতে ভালবাসবই সহঃ বাপী লাহিড়ী	বাপী লাহিড়ী	পুলক বন্দ্যোপাধ্যায়	অমর সঙ্গী		১৯৮৭

আমার এ কণ্ঠ ভরে বাজে কোন যে সুরবাহার	অজয় দাস	পুলক বন্দ্যোপাধ্যায়	জীবন মরণ		১৯৮৩
আমার এই গানের মালা পড়িয়ে দিলাম	দিলীপ সরকার	দিলীপ সরকার	অর্পিতা		১৯৮৩
আমার কুয়াশা যে ওড়না	মৃণাল বন্দ্যোপাধ্যায়	গৌরীপ্রসন্ন মজুমদার	দুটি পাতা		১৯৮৩
আমার গর্ব শুধু এই কেউ আমার চেয়ে	বাপী লাহিড়ী	পুলক বন্দ্যোপাধ্যায়	আপন পর		১৯৯২
আমার গা ছম ছম করে সহঃ বাপী লাহিড়ী	বাপী লাহিড়ী	গৌরীপ্রসন্ন মজুমদার	অন্তরালে		১৯৮৫
আমার ছয় ছয়টি ভাই	রবীন বন্দ্যোপাধ্যায়	চন্দন মুখোপাধ্যায়	জয় পরাজয়		১৯৮৪
আমার জীবনে তুমি যে আছ আলো আর আঁধারে	বিনোদ চট্টোপাধ্যায়	পবিত্র মিত্র		পূজা	১৯৫৮
আমার দিন কাটে না আমার রাত কাটে না	সুধীন দাশগুপ্ত	ভাস্কর রায়	ছদ্মবেশী		১৯৭১
আমার বেলা যে যায়	রবীন্দ্রসঙ্গীত				
আমার মন মানে না দিন রজনী	রবীন্দ্রসঙ্গীত				
আমার মনেরি অঙ্গনে সুখের ফাগুন এল	মৃণাল বন্দ্যোপাধ্যায়	পুলক বন্দ্যোপাধ্যায়	আবিষ্কার		১৯৯০
আমার স্বপ্ন তুমি ওগো আমার চিরদিনের সাথী	শ্যামল মিত্র	গৌরীপ্রসন্ন মজুমদার	আনন্দ আশ্রম		১৯৭৭
আমায় তুমি যে ভালবেসেছ জীবনে যে তাই দোলা লাগানো	মান্না দে	শ্যামল গুপ্ত		পূজা	১৯৫৮
আমি অন্ধকারের যাত্রী প্রভু আলোর	সুধীন দাশগুপ্ত	সুধীন দাশগুপ্ত	এপার ওপার		১৯৭৩
আমি আপন করিয়া চাহিনি	পবিত্র চট্টোপাধ্যায়	প্রণব রায়	মেঘ কালো		১৯৭০
আমি এক ঝলকের হাওয়া হঠাৎ আসি	স্বপন চক্রবর্তী	পুলক বন্দ্যোপাধ্যায়	সর্বজয়া		১৯৯৭
আমি কি সে কি ভুলে গেলে	শ্যামল মিত্র	গৌরীপ্রসন্ন মজুমদার	কলঙ্কিনী		১৯৮১
আমি কে বলো না ভাল করে দেখ না	বাপী লাহিড়ী	পুলক বন্দ্যোপাধ্যায়	রক্তের স্বাদ		১৯৯৩
আমি খাতার পাতায় চেয়েছিলাম একটি তোমার সই	মান্না দে	পুলক বন্দ্যোপাধ্যায়		পূজা	১৯৬৩
আমি জানিনা আমার কপালে এত সুখ	মানস মুখোপাধ্যায়	দুলাল ভৌমিক	বান্ধবী???		
আমি জানিনা কেন তোমায় ভালবাসি সহঃ অভিজিত	রাহুল দেববর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার	অপরূপা		১৯৮২
আমি দেবদাসী দেবতারই গান গাই	বাপী লাহিড়ী	বিভূতি মুখোপাধ্যায়	শঙ্খচূড়		১৯৮৮
আমি পথ ভোলা এক পথিক এসেছি সহঃ হেমন্ত মুখোপাধ্যায়	রবীন্দ্র সঙ্গীত		মন নিয়ে		১৯৬৯
আমি প্রিয়া হব	রবীন বন্দ্যোপাধ্যায়	শিবদাস বন্দ্যোপাধ্যায়	গায়ক		১৯৮৭
আমি ফুলদানীতে সাজিয়ে রাখা	বাপী লাহিড়ী	গৌরীপ্রসন্ন মজুমদার	প্রতিদান		১৯৮৩
আমি ফুলের মত বাঁচতে চেয়েছিলাম			ক্ষমা		
আমি বন্ধঘরের যাত্রী আমার কাছে কিবা			ক্ষমা		

আমি বোঝাই বল কি করে	শ্যামল মিত্র	পুলক বন্দ্যোপাধ্যায়	মায়ের আশীর্বাদ		১৯৮৪
আমি মন দিয়েছি মনটা নিতে চাই	বাপী লাহিড়ী	পুলক বন্দ্যোপাধ্যায়	অমর সঙ্গী		১৯৮৭
আমি যে তোমার আশা সহঃ সুবীর সেন	মুকুল রায়	গৌরীপ্রসন্ন মজুমদার	কায়াহীনের কাহিনী		১৯৭৩
আমি যে তোমার তুমি যে আমার এ	মুকুল রায়	গৌরীপ্রসন্ন মজুমদার	কায়াহীনের কাহিনী		১৯৭৩
আমি সুখে আর দুঃখে যে মালা গেঁথেছি	বিনোদ চট্টোপাধ্যায়	পবিত্র মিত্র		পূজা	১৯৬১
আর কত রাত একা থাকব চোখ মেলে	বাপী লাহিড়ী	পুলক বন্দ্যোপাধ্যায়	চোখের আলোয়		১৯৮৯
আর কি তোমায় ছাড়ছি	রাহুল দেববর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার	অপরূপা		১৯৮২
আর তো নয় বেশীদিন মিলব এবার	অজয় দাস	পুলক বন্দ্যোপাধ্যায়	মিলন তিথি		১৯৮৫
আরও কাছাকাছি	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী			
আরও দূরে চলো যাই	সুধীন দাশগুপ্ত	সুধীন দাশগুপ্ত	ছদ্মবেশী		১৯৭১
আরে বহু আশা নিয়ে ভালবাসা দিয়ে সহঃ অমিতকুমার	রাহুল দেববর্মণ	ভবেশ কুণ্ডু	শতরূপা		১৯৮৯
আলো আর আলো দিয়ে (মনে হয় আজ)	নচিকেতা ঘোষ	শ্যামল গুপ্ত	স্বয়ংসিদ্ধা		১৯৭৫
আসব আর একদিন আজ যাই	রাহুল দেববর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার			
আঁধারে যদি হারিয়ে যাব আলোর স্বপ্ন	রবীন্দ্র জৈন	ভবেশ গুপ্ত	অনন্যা		১৯৯২
আয় চলে আয় ঝড়ের পাখী	সুধীন দাশগুপ্ত	সুধীন দাশগুপ্ত	এপার ওপার		১৯৭৩
আয় তুই ফিরে আয় রে সহঃ আরতি	নীতা সেন	গৌরীপ্রসন্ন মজুমদার	কৃষ্ণ সুদামা		১৯৭৯
আয় রে আয় বল মন তোকে চায়	ভূপেন হাজারিকা	পুলক বন্দ্যোপাধ্যায়	দম্পতি		১৯৭৬
আহাহা কেন পরের সোনা	স্বপন জগমোহন	মুকুল দত্ত	প্রহরী		১৯৮২
ইশারায় যা বলে মন মুখে বলে না	অরুণ রবীন	পুলক বন্দ্যোপাধ্যায়	ওরা চারজন		১৯৮৮
উঠ ছুঁড়ি তোর বিয়া লেগেছে রাঙা	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী			
এ আমার অগ্নিপরীক্ষা	অজয় দাস	পুলক বন্দ্যোপাধ্যায়	অভিমান		১৯৮৬
এ কথা জানত কি মন পাখী মরে না	রাহুল দেববর্মণ	মুকুল দত্ত	অজানা পথ		১৯৯৪
এ কি ভালবাসা তোমাকে ছাড়া কিছু	রাহুল দেববর্মণ				
এ চোখে চমক আছে এ মেঘে ঝলক	মৃণাল বন্দ্যোপাধ্যায়	দেবপ্রসাদ চক্রবর্তী	রক্ষক		অপ্রঃ
এ মন আমার হারিয়ে যায়	অজয় দাস	গৌরীপ্রসন্ন মজুমদার	অনুরাগের ছোঁয়া		১৯৮৬
এই এদিকে এস এস না কেন দূরে	রাহুল দেববর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার			
এই এস না কাছে একটু বসে যায়	মৃণাল বন্দ্যোপাধ্যায়		অঙ্গার		১৯৮৯
এই কাছে আসবে আরও কাছে আসবে সহঃ অমিতকুমার	কানু ভট্টাচার্য	পুলক বন্দ্যোপাধ্যায়	বন্দিনী		১৯৮৯
এই খেদ মোর মনে ভালবেসে মিটিল না	অনিল বাগচী	তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়	কবি		১৯৭৫

এই ঝিলমিল ঝিলমিল রাতে এই আলো সহঃ অমিতকুমার।	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী	অন্ধ বিচার		১৯৯০
এই ডুগ ডুগ ডুগ ডুগ দেখ বাবু খেলা	বাপী লাহিড়ী	বিভূতি মুখোপাধ্যায়	ওগো বধূ সুন্দরী		১৯৮১।
এই দুনিয়ায় বাঁচতে গেলে সহঃ অমিতকুমার	রবীন বন্দ্যোপাধ্যায়	চন্দন মুখোপাধ্যায়	জয় পরাজয়		
এই বুকে আমার এই বুকে ধরে জ্বালা	মান্না দে	গৌরীপ্রসন্ন মজুমদার	প্রেয়সী		১৯৮২
এই রাতে একটুখানি কাছে	স্বপন চক্রবর্তী	স্বপন চক্রবর্তী	মোহনার দিকে		১৯৮৪
এই সাগরের ঢেউ যদি যায় থেমে সহঃ অমিতকুমার?	কানু ভট্টাচার্য	শঙ্কর ঘোষ	আমার শপথ		১৯৮৯
এই হাওয়ায় কি সুরভি ঝরে	ভি. বালসারা	পুলক বন্দ্যোপাধ্যায়	রাতের অন্ধকারে		১৯৫৯
এক নায়িকা একাই ছিল একা ভালই ছিল	মৃণাল বন্দ্যোপাধ্যায়	পুলক বন্দ্যোপাধ্যায়	আবিষ্কার		১৯৯০
এক যে ছিল দুয়োরাণী থাকত কুঁড়েঘরে	বাপী লাহিড়ী	প্রভাত রায়	প্রতিকার		১৯৮৭
এক যে ছিল রাজপুত্তুর সবেতেই সে বাহাদুর সহঃ কিশোরকুমার	বীরেশ্বর সরকার	পুলক বন্দ্যোপাধ্যায়	মাদার		১৯৭৯
একই সাথে হাত ধরে একই পথে চলব সহঃ কিশোরকুমার	শ্যামল মিত্র	গৌরীপ্রসন্ন মজুমদার	কলঙ্কিনী		১৯৮১
একটা দেশলাই কাঠি জ্বালাও	রাহুল দেববর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার			
একটি কথা আমি যে শুধু জানি	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী		পূজা	১৯৭২
একটি কথা হায় সে কইলো না	রাহুল দেববর্মণ	স্বপন চক্রবর্তী		পূজা	১৯৭৩
একটু আরও নয় কাছে থাকো না সহঃ রাহুল দেববর্মণ	রাহুল দেববর্মণ	গৌরীপ্রসন্ন মজুমদার			
একটু ছোঁয়া একটু দেখা হাতে হাতে।	বাপী লাহিড়ী	পুলক বন্দ্যোপাধ্যায়	চোখের আলোয়		১৯৮৯
একটু বসো চলে যেও না।	রাহুলদেব বর্মণ	স্বপন চক্রবর্তী	ত্রয়ী		১৯৮২
